



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
পার্বত্য জেলা পরিষদ  
খাগড়াছড়ি  
[www.khdc.gov.bd](http://www.khdc.gov.bd)

স্মারক নং- ২৯.৩৬.৪৬০০.০০০.০০০.১৪.০২৮৩.২৫-৩৩৩

তারিখ ১২ মাঘ, ১৪৩২  
২৬ জানুয়ারী, ২০২৬

ঃ বিজ্ঞপ্তি :

২০২৫-২৬ অর্থ বছরে খাগড়াছড়ি জেলার বিভিন্ন কলেজ, কারিগরি, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, কৃষি বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে বিভিন্ন কলেজ, কারিগরি, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, কৃষি ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত স্নাতক(সম্মান)/সম্মান ও স্নাতকোত্তর/সম্মান পর্যায়ে অধ্যয়নরত খাগড়াছড়ি জেলার স্থায়ীভাবে বসবাসকারী বিভিন্ন সম্প্রদায়ের গরীব, মেধাবী, এতিম ছাত্র-ছাত্রীদের নিকট হতে চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বরাবরে স্বহস্তে লিখিত শিক্ষা বৃত্তির আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদনের সময়সীমা : ২৫ জানুয়ারী, ২০২৬ হতে ২০ ফেব্রুয়ারী, ২০২৬ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত (সরাসরি/ডাকযোগে)।

প্রয়োজনীয় কাগজ পত্রাদি : ক) আবেদনপত্রের সাথে ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, খ) সকল পরীক্ষা পাশের মূল সনদপত্রের ফটোকপি, গ) স্থায়ী বাসিন্দা সনদপত্র ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, চ) স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র, ছ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

বিশেষ দৃষ্টব্য : কর্তৃপক্ষ কোন কারণ দর্শানোর ব্যতিরেকে এ বিজ্ঞপ্তির অংশ বিশেষ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, বাতিলসহ এতদসংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

  
(শেফালিকা ত্রিপুরা)

চেয়ারম্যান

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

☎ ০২৩৩৩৩৪৩৬৩৩

স্মারক নং- ২৯.৩৬.৪৬০০.০০০.০০০.১৪.০২৮৩.২৫-

তারিখ ১২ মাঘ, ১৪৩২  
২৬ জানুয়ারী, ২০২৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে(জৈষ্ঠতা ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
- ৩। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৪। সম্পাদক, দৈনিক সবুজ পাতার দেশ, খাগড়াছড়ি। তাঁকে বিজ্ঞপ্তিটি ক্ষুদ্র পরিসরে ০১টি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রয়োজ্য ক্ষেত্রে বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ৫। আইসিটি কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, তাঁকে বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৬। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
- ৭। সংশ্লিষ্ট নথি।

  
চেয়ারম্যান

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।